# নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেড
## Nuclear Power Plant Company Bangladesh Limited
(An Enterprise of Bangladesh Atomic Energy Commission)
শান্তি ও সমৃদ্ধির জন্য পারমাণবিক শক্তি

# নিয়োগ বিজ্ঞপ্তি

নং- ৩৯.১০.০০০০.১০২.১১.০০২.১৮-.৪০৪

তারিখ : ১৩ অক্টোবর ২০২০

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন এর স্বত্তাধীন প্রতিষ্ঠান নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেড (এনপিসিবিএল)-এ নিম্নের বর্ণনা মোতাবেক নিয়োগের নিমিত্ত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| ক্রঃ নং | পদের নাম | গ্রেড | পদ সংখ্যা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ০১ | জুনিয়র এক্সিকিউটিভ ট্রেইনি (মেকানিক্যাল) | ১০ | ১৩ | সরকার অনুমোদিত যে-কোনো শিক্ষা প্রতিষ্ঠান থেকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা |
| ০২ | জুনিয়র এক্সিকিউটিভ ট্রেইনি (ইলেকট্রনিক্স) | ১০ | ০৬ | সরকার অনুমোদিত যে-কোনো শিক্ষা প্রতিষ্ঠান থেকে ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা |
| ০৩ | জুনিয়র টেকনিশিয়ান (কুলিং এন্ড এয়ার কন্ডিশনিং) | ১৬ | ২০ | সরকার অনুমোদিত যে-কোনো শিক্ষা প্রতিষ্ঠান থেকে উচ্চ মাধ্যমিক (ভোকেশনাল) [রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং] বা উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) বা সমমানের শিক্ষা |
| ০৪ | জুনিয়র টেকনিশিয়ান (মেকানিক্যাল) | ১৬ | ৪১ | সরকার অনুমোদিত যে-কোনো শিক্ষা প্রতিষ্ঠান থেকে উচ্চ মাধ্যমিক (ভোকেশনাল) [মেশিন টুলস্ অপারেশন এন্ড মেইনটেন্যান্স/ মেকানিক্যাল টেকনোলজি] বা উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) বা সমমানের শিক্ষা |
| ০৫ | জুনিয়র টেকনিশিয়ান (ইলেকট্রনিক্স) | ১৬ | ৪৩ | সরকার অনুমোদিত যে-কোনো শিক্ষা প্রতিষ্ঠান থেকে উচ্চ মাধ্যমিক (ভোকেশনাল) ইলেকট্রনিক কন্ট্রোল এন্ড কমিউনিকেশন/ ইলেকট্রনিক টেকনোলজি] বা উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) বা সমমানের শিক্ষা |
| ০৬ | জুনিয়র ল্যাব টেকনিশিয়ান (ফিজিক্স/কেমিস্ট্রি) | ১৬ | ৩৩ | সরকার অনুমোদিত যে-কোনো শিক্ষা প্রতিষ্ঠান থেকে উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান)/ সমমান বা ফিজিক্স/কেমিস্ট্রি/কেমিকেল টেকনোলজি বিষয়ে সমমানের শিক্ষা |

**আবশ্যকীয় অন্যান্য যোগ্যতা :**

- যে-কোনো পাবলিক পরীক্ষায় ন্যূনতম জিপিএ/সিজিপিএ ৫.০০ এর মধ্যে ৪.০০ অথবা ৪.০০ এর মধ্যে ৩.০০ থাকতে হবে। সনাতন ফলাফল পদ্ধতির অধীন উভয় পরীক্ষায় ১ম বিভাগ প্রাপ্তগণ আবেদন করতে পারবেন।
- মৌখিক ও লিখিত উভয় ক্ষেত্রে বাংলা ও ইংরেজি ভাষায় উৎকৃষ্ট যোগাযোগ দক্ষতা থাকতে হবে।
- ১৫.১১.২০২০ তারিখে সর্বোচ্চ বয়সসীমা : ৩০ (ত্রিশ) বছর [মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান-সন্ততিদের জন্য ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য]

**বেতন, সুযোগ-সুবিধা ও অন্যান্য শর্তাবলি :**

১. প্রথম ২ (দুই) বছর প্রবেশনকাল গণ্য করা হবে। প্রবেশনকাল সফলভাবে সমাপ্তির পর প্রবেশনকালে এনপিসিবিএল কর্তৃক প্রণীত প্রশিক্ষণের ফলাফল এবং/অথবা পারফরম্যান্স মূল্যায়নের ভিত্তিতে এনপিসিবিএল-এ চাকুরি নিয়মিতকরণ/নিশ্চিতকরণ করা হবে। প্রবেশনকাল সফলভাবে সমাপ্তির পর চাকুরি নিয়মিতকরণে একজন জুনিয়র এক্সিকিউটিভ ট্রেইনি উপ-সহকারি প্রকৌশলী বা সমমানের পদে নিয়োগপ্রাপ্ত হবেন।

২. কর্মস্থল হবে বাংলাদেশের যে-কোন পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে বা এনপিসিবিএল নির্ধারিত যে-কোন স্থানে।

৩. প্রবেশনকালে একজন জুনিয়র এক্সিকিউটিভ ট্রেইনি সর্ব-সাকুল্যে ২৭,১০০/- (সাতাশ হাজার এক শত) টাকা হারে ও একজন জুনিয়র টেকনিশিয়ান বা একজন জুনিয়র ল্যাব টিকনিশিয়ান সর্ব-সাকুল্যে ১৭,০৪৫/- (সতের হাজার পঁয়তাল্লিশ) টাকা হারে মাসিক বেতন এবং বিধি মোতাবেক উৎসব ভাতা [এবং বৈদেশিক প্রশিক্ষণের ক্ষেত্রে (যদি থাকে) বৈদেশিক প্রশিক্ষণ ভাতা ও প্রশিক্ষণ কেন্দ্রে আবাসন সুবিধা] প্রাপ্ত হবেন।

৪. এনপিসিবিএল-এর নিয়মিত চাকুরিতে নিয়োগের পর মাসিক মূল বেতন ও পারিবারিক আবাসন সুবিধা (অথবা পারিবারিক আবাসন সুবিধা না দিতে পারলে মূল বেতনের ৪০%–৬০% হারে বাড়িভাড়া ভাতা) এবং প্রযোজ্যতা অনুসারে মূল বেতনের ৪০% হারে প্রকল্প ভাতা / বিদ্যুৎ কেন্দ্র ভাতা, ছুটি নগদায়ন, যৌথ বীমা, কনট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড, গ্রাচ্যুইটি সহ অন্যান্য প্রান্তিক সুবিধাদি এনপিসিবিএল-এর বিধিমালা ও নীতিমালা অনুসারে প্রদান করা হবে; মাসিক মূল বেতন হবে গ্রেড-১০ এর ক্ষেত্রে ৪৮,০০০/- (আটচল্লিশ হাজার) টাকা এবং গ্রেড-১৬ এর ক্ষেত্রে ২১,৬০০/- টাকা।

৫. যোগদানকারীকে তার যোগদানের সময় এ মর্মে অঙ্গীকার নামা (Surety Bond) দাখিল করতে হবে যে, তিনি এনপিসিবিএল-এ যোগদানের তারিখ থেকে কমপক্ষে ১০ (দশ) বছর চাকুরি করবেন এবং যদি এনপিসিবিএল-এ ১০ (দশ) বছর চাকুরি সমাপ্তির পূর্বে স্বেচ্ছায় এনপিসিবিএল ত্যাগ করেন তবে তিনি এনপিসিবিএল, সরকার বা অন্য যে-কোন কর্তৃপক্ষ কর্তৃক তার জন্য ব্যয়কৃত সমুদয় অর্থ পরিশোধ করতে বাধ্য থাকবেন।

**আবেদন ও নির্বাচন পদ্ধতি :**

১. আগ্রহী প্রার্থীকে **"Online Application Form"** এর মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের সময় প্রয়োজনীয় তথ্য সহ প্রার্থীর স্ক্যানকৃত ছবি ও স্বাক্ষর আপলোড করতে হবে। ২২.১০.২০২০ তারিখ থেকে ১৫.১১.২০২০ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। http://npcbl.teletalk.com.bd ঠিকানায় **"Online Application Form"** পাওয়া যাবে।

২. প্রত্যেক প্রার্থীকে তার আবেদন নিশ্চিতকরণের জন্য http://npcbl.teletalk.com.bd ঠিকানায় উল্লেখিত নির্দেশনা অনুসরণ করে যে-কোন Teletalk Mobile Connection থেকে এসএমএস (SMS) এর মাধ্যমে অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকা পরিশোধ করতে হবে।

৩. লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ এবং সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই ও প্রয়োজনীয় নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে যোগ্য প্রার্থী নির্বাচন করা হবে। বিদেশী সনদধারীদের মৌখিক পরীক্ষার সময় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সমমানের সনদ প্রদর্শন করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ/ভাতা প্রদান করা হবে না।

৪. যে-কোন ধরণের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।

৫. এনপিসিবিএল কর্তৃপক্ষ কোন ধরণের কারণ দর্শানো ছাড়াই পদ-সংখ্যা বৃদ্ধি/হ্রাস করার এবং যে-কোন বা সকল আবেদন বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

- কোম্পানী সেক্রেটারী

**বিস্তারিত তথ্যের জন্য দয়া করে ভিজিট করুন :** www.rooppurnpp.gov.bd অথবা http://npcbl.portal.gov.bd